# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ লেখকদের ভূমিকা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

লেখকদের ভূমিকা

সমস্ত প্রশংসা বিশ্ব জগতের রব আল্লাহর জন্য এবং সালাত ও সালাম বর্ষিত হোক নবীগণের সরদার আমাদের নবী মুহাম্মাদের ওপর, তাঁর পরিবার ও তার সাহাবীগণের ওপর। অতঃপর:

এটি একটি সংক্ষিপ্ত পুস্তিকা। এতে তাওহীদের ঐসব মাসআলা, দীনের মূলনীতি ও তার আনুষঙ্গিক বিষয়সমূহ সংক্ষিপ্ত আকারে স্থান পেয়েছে, যা প্রত্যেক মুসলিমের জানা ও বিশ্বাস করা আবশ্যক। আর এগুলো সংগ্রহ করা হয়েছে চার ইমামের আকীদাহ সংক্রান্ত বিষয়ে লিখিত কিতাবগুলো থেকে।

তারা হলেন, ইমাম আবূ হানীফা, ইমাম মালিক, ইমাম শাফে‘ঈ, ইমাম আহমদ ইবন হাম্বল। আল্লাহ তা‘আলা তাদের সবার ওপর রহম করুন। তারা সবাই আহলে সুন্নাহ ওয়াল জামা‘আতের আকীদার ওপর একমত ছিলেন এবং এতে তারা কোন প্রকার দ্বিমত পোষণ করেননি। যেমন ইমাম আবূ হানীফা রাহিমাহুল্লাহু (মৃত ১৫০ হি:) এর কিতাব ‘ফিকহুল আকবার’, ইমাম তাহাভী (মৃত ৩২১হি.) এর কিতাব ‘আকীদাতুত তাহাভী’ ও আল্লামা ইবনে আবীল ইয আল-হানাফী (মৃত ৭৯২হি.) রচিত তার ব্যাখ্যাগ্রন্থ’, ইবনে আবী যায়েদ আল-কাইরোয়ানী মালেকী (মৃত ৩৮৬হি.) রচিত ‘মুকাদ্দামাতুর রিসালাহ’, ইবনে আবী যামানীন মালিকী (মৃত ৩৯৯হি.) রচিত ‘‘উসূলুস সুন্নাহ’, ইবনে আব্দুল বার মালিকী (মৃত ৪৬৩হি.) রচিত মুওয়াত্তা এর ব্যাখ্যা ‘আত-তামহীদ’,

সাবুনী শাফেঈ (মৃত ৪৪৯হি.) রচিত ‘আর-রিসালাহ ফী ই‘তিকাদি আহলিল হাদীস’, ইমাম শাফেঈর ছাত্র মুযানী (মৃত ২৬৪ হি.) রচিত ‘শারহুস সুন্নাহ’, ইমাম আহমদ ইবন হাম্বল (মৃত ২৪১ হি.) রচিত ‘উসূলুস সুন্নাহ’, তার ছেলে আব্দুল্লাহ (মৃত ২৯০হি.) রচিত ‘কিতাবুস সুন্নাহ’, খাল্লাল আল-হাম্বলী (মৃত ৩১১হি.) রচিত ‘কিতাবুস সুন্নাহ’, ইবনে ওয়াদ্দাহ আল-আন্দালুসী (মৃত ২৮৭ হি.) রচিত ‘কিতাবুল বিদা ওয়ান নাহয়ী আনহা’, আবু বকর তারতুশী মালেকী (মৃত ৫২০ হি.) রচিত ‘কিতাবুল হাওয়াদিস ওয়াল বিদা‘ঈ এবং আবু শামাহ মাকদিসী শাফী (মৃত ৬৬৫হি.) রচিত ‘কিতাবুল বা‘য়েস আলা ইনকারিল বিদা‘ঈ ওয়াল হাওয়াদিস’। হকের দাওয়াত, সুন্নাহ ও আকীদার সংরক্ষণ এবং বিদ`আত, বাতিল ও কুসংস্কার প্রতিরোধে আকীদাহ ও মূলনীতি সংক্রান্ত বিষয়ে ইমামগণ ও তাদের অনুসারীগণে বিভিন্ন কিতাবসমূহ থেকেও পুস্তিকাটির বিষয়বস্তু সংগ্রহ করা হয়েছে।

হে আমার মুসলিম ভাই! আপনি যেহেতু এ চার ইমামের কারো অনুসারী, তাই জেনে নিন যে, এগুলোই আপনার ইমামের আকীদাহ। আপনি যেভাবে আহকামের ক্ষেত্রে তার অনুসরণ করেন, সেভাবেই আকীদার ক্ষেত্রেও তাকে অনুসরণ করুন।

বিষয়বস্তুগুলো সহজভাবে উপস্থাপন ও শক্তিশালী করার লক্ষ্যে পুস্তিকাটি প্রশ্নোত্তর আকারে বিন্যস্ত করা হয়েছে।

আল্লাহর নিকট প্রার্থনা করছি, তিনি যেন সবাইকে ইখলাসের সাথে সত্য কবুল করা ও তাঁর রাসূল সাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লামের অনুসরণ করার তাওফীক দেন।

আমাদের নবী মুহাম্মাদের ওপর, তার পরিবার ও তার সাথীদের ওপর আল্লাহ সালাত ও সালাম নাযিল করুন।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=9929

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন